গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৫

**আরপিএটিসিতে নারী ও শিশু অধিকার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত**

রাজশাহী, ৩১ আষাঢ় (১৫ জুলাই):

নারী ও শিশু অধিকার বিষয়ক এক কর্মশালা আজ মঙ্গলবার (১৫ জুলাই) রাজশাহী আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে দপ্তরটির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার ড. চিত্রলেখা নাজনীন। মূল প্রবন্ধের উপর আলোচক ছিলেন এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ডিন অধ্যাপক ড. শিরীন আক্তার এবং রাজশাহী জেলার স্থানীয় সরকারের উপপরিচালক মো. জাকিউল ইসলাম।

কর্মশালায় বক্তাগণ বলেন, শিশুদের উন্নত ভবিষ্যৎ যেমন জরুরি তেমনি তাদের নিরাপদ বর্তমানও জরুরি। শিশুদের শাস্তির পরিবর্তে তাদের সংশোধন প্রক্রিয়াকে অগ্রাধিকার দিতে হবে। নারী বঞ্চিত থাকলে তার মাধ্যমে আলোকিত ভবিষ্যৎ প্রজন্ম পাওয়া যাবে না। আমাদের এমন একটি সমাজ প্রতিষ্ঠা করতে হবে যেখানে কেউ কারো প্রতিদ্বন্দ্বী হবে না বরং একে অপরের পরিপূরক হবে।

এসময় বক্তাগণ নারী ও শিশু অধিকার প্রতিষ্ঠায় পরিবারে মায়ের পাশাপাশি বাবার সচেতনতার উপরও গুরুত্বারোপ করেন।

আরপিএটিসি'র উপপরিচালক তামান্না নাসরিন উর্মির সভাপতিত্বে এই কর্মশালায় রাজশাহী বিভাগের বিভিন্ন সরকারি দপ্তরের নবম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

.....................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/রুহুল/হালিম/২০২৫/১৭:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd